



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 1  
Class - 2

Subject : Bengali Grammar  
Topic : অনুচ্ছেদ লিখন

Date : 02.07.2020

১) 'আমার প্রিয় ফুল' সম্পর্কে দশটি বাক্যে একটি অনুচ্ছেদ লেখ।

অনুচ্ছেদটি লেখার জন্য নিচে কতকগুলি সংকেত দেওয়া হল :-

সংকেত : বিভিন্ন ফুলের নাম — প্রিয় ফুলের নাম — প্রিয় ফুলের রঙ ও গন্ধ — কেন এই ফুলটি প্রিয় —  
ফুলটি কোন্ ঋতুতে পাওয়া যায় — কি কাজে লাগে।

নমুনা অনুচ্ছেদ

ফুল হল ঈশ্বরের আশ্চর্য দান। আমি টগর, জুঁই, শিউলি, বকুল, গোলাপ, বেল, পদ্ম, ডালিয়া, গন্ধরাজ, চন্দ্রমল্লিকা ইত্যাদি নানা ফুল দেখেছি। তবে এদের মধ্যে আমার প্রিয় ফুল হল গোলাপ। লাল, হলুদ, সাদা, গোলাপী প্রভৃতি নানা রঙের গোলাপ দেখা যায়। গোলাপ ফুল দেখতে যেমন সুন্দর তেমনি এর গন্ধও সুমিষ্ট তাই গোলাপ আমার প্রিয় ফুল। গোলাপ হল ফুলেদের রানী। প্রায় সব ঋতুতেই গোলাপ ফুল ফোটে। গোলাপ ফুল থেকে আতর, সুগন্ধি তেল, গোলাপজল তৈরি হয়। গোলাপ ফুল দিয়ে আমরা ঘর সাজাই, উৎসব বাড়িও গোলাপ ফুল দিয়ে সাজানো হয়। গোলাপের মনমাতানো গন্ধ সকল মানুষের মন কেড়ে নেয়।

\_\_\_\_\_ x \_\_\_\_\_

Rita Das